R. N. No. 2532/57 Phone No. RGG. 112 Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সবার সেরা
কালি, গাম, প্যাড ইঙ্ক
প্যারাগন কালি
প্যারাফিক্স, প্যাড ইঙ্ক
শ্যামনগর
২৪-পরগণা

৬৯শ বর্ষ
৩৭শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১০ই ফাল্গুন, বুধবার, ১৩৮৯ সাল
২৩শে ফেব্রুয়ারী, ১৯৮৩ সাল।
নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২৲, সডাক ১৪

## ‘ভাঙনরোধে ৩০ লক্ষ টাকার প্রকল্প কোটি টাকার ফসল বাঁচিয়েছে’

বিশেষ সংবাদদাতা : অরঙ্গাবাদে গঙ্গা ভাঙনরোধে ৫টি স্পার নির্মাণে কোন রকম দুর্নীতি হয়েছে, ভাঙন প্রতিরোধ
বিভাগের জঙ্গিপুর ডিভিশনের এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার বাদল দাশগুপ্ত এ খবর অস্বীকার করেছেন। সম্প্রতি ‘জঙ্গিপুর
সংবাদ’ পত্রিকার সম্পাদক অনুত্তম পণ্ডিতের সঙ্গে এক বিশেষ সাক্ষাৎকারে শ্রীদাশগুপ্ত জানান, জঙ্গিপুর মহকুমায় গত
এক বছরে ভাঙনরোধে ৩০ লক্ষ টাকা খরচ করে স্পার নির্মাণের ফলে প্রায় ১ কোটি টাকার ফসল বেঁচেছে। সেই
সঙ্গে ভবিষ্যতে সংশ্লিষ্ট এলাকাগুলিতে বন্যার সম্ভাব্যতা নিয়ন্ত্রণ করা গেছে। তিনি জানান, জলঙ্গী এলাকায় ভাঙন-
রোধের কাজ ৩১ মার্চের মধ্যেই শেষ হয়ে যাবে। এর জন্য খরচ হচ্ছে প্রায় ২০ লক্ষ টাকা। এছাড়া কাজকর্মের
সুবিধার জন্য খরাত্রাণের টাকা দিয়ে জলঙ্গীতে গঙ্গার ধার বরাবর একটি এ্যাপ্রোচ রোড তৈরীর কাজ চলেছে।
বাদলবাবুর দাবী, তাঁর ডিভিশনে কাজকর্মের ব্যাপারে ছোট ছোট ঠিকাদাররা প্রাধান্য পাওয়ায় বৃহৎ ঠিকাদার গোষ্ঠী
সোরগোল তুলছে। তিনি জোর দিয়ে বলেন, সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে তাঁর দপ্তর ভাঙনরোধে কাজ করেছেন।
এর ফলে মানুষজন উপকার পেয়েছেন কিনা তা তদন্ত করে দেখা দরকার। এদিকে ভাঙনরোধের ব্যাপারে জঙ্গিপুরের
গঙ্গাভাঙন বিভাগ একটি রিপোর্ট রাজ্য সেচ দপ্তরে বিবেচনার জন্য পাঠিয়েছেন। ঐ রিপোর্টে ভাঙনের বাস্তব অবস্থা
বর্ণনা করে বলা হয়েছে, ৮১-৮২ সালের বন্যার পর ফরাক্কা ব্যারেজের নীচু এলাকা থেকে বাগমারী নদীর মোহনা

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিজয় ঘোষালের জীবনাবসান

বিশেষ সংবাদদাতা : প্রবীণ গান্ধীবাদী নেতা ও মুর্শিদাবাদ জেলার বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী বিজয়কুমার ঘোষালের জীবনাবসান ঘটেছে শনিবার বিকেল সাড়ে চারটেয় তাঁর রঘুনাথগঞ্জের বাড়িতে। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৯ বছর। সদ্য প্রয়াত রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র ঘোষের বিশিষ্ট বন্ধু ছিলেন বিজয়বাবু। স্বাধীনতা সংগ্রামে অংশ নিয়ে বহুবার তিনি জেলে গেছেন। দীর্ঘদিন তিনি

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## লোক সাহিত্যের মানুষদের অনাহূত রেখেই সংস্কৃতি উৎসবের প্রস্তুতি

বিশেষ সংবাদদাতা : লোক সাহিত্যের গবেষক, উৎসাহী এবং দুঃস্থ স্থানীয়
লোকশিল্পীদের অনাহূত রেখে জঙ্গিপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তর জঙ্গিপুরে
জেলা লোকসংস্কৃতি উৎসবের উদ্যোগ নেওয়ায় বিভিন্ন মহল থেকে সোরগোল
উঠেছে। ১৯ ফেব্রুয়ারী এই উৎসবের প্রস্তুতি হিসেবে মহকুমা শাসকের দপ্তরে
একটি সভা অনুষ্ঠিত হয়। এই সভায় স্থানীয় সরকারী অফিসাররা ছাড়াও
কয়েকজন বেসরকারী ব্যক্তিকে আমন্ত্রণ জানানো হয়। সভায় ঠিক হয়েছে
অনুষ্ঠানে জেলার বিভিন্ন প্রান্ত থেকে লোকশিল্পীরা আসবেন। এঁদের মধ্যে
জঙ্গিপুর মহকুমার শিল্পী সংখ্যা হবে সাকুল্যে ৫ থেকে ১০ শতাংশ। স্থানীয়
উপস্থিত ব্যক্তিরা সভার এই সিদ্ধান্তকে অকপটে মেনে নেওয়ায় ক্ষোভের সৃষ্টি
হয়েছে। গত কয়েকদিনে বহু স্থানীয় লোকশিল্পী উৎসবের খবর নিতে
আমাদের কাছে এসে নিরাশ হন। কারণ এখনও পর্যন্ত মহকুমা তথ্য দপ্তর
এই উৎসব সম্পর্কে স্থানীয় সাংবাদিকদের কিছুই জানাননি। এমন কি

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিজ্ঞানের প্রসার চান মন্ত্রী

বিশেষ সংবাদদাতা : উন্নততর সমাজ গঠন ও কুসংস্কার দূর করতে বিজ্ঞানকে গ্রামে-গঞ্জে ছড়িয়ে দেবার আহ্বান জানিয়েছেন রাজ্যের সমাজকল্যাণ মন্ত্রী দেবব্রত ব্যানার্জি। রঘুনাথগঞ্জ-১ ব্লকের ঘোড়শালা গ্রামে রবিবার একটি বিজ্ঞান মেলার সমাপ্তি অনুষ্ঠানে শ্রীব্যানার্জি প্রধান অতিথির ভাষণে আরও বলেন, ভারতবর্ষে এক শতাংশ বিজ্ঞানকেও কাজে লাগানো যায়নি। ফলে পরিকল্পিতভাবে অপসংস্কৃতি যুব-সম্প্রদায়ের মেরুদণ্ড ভেঙ্গে দিয়েছে।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## কেরোসিন !

নিজস্ব সংবাদদাতা : রাজ্যের সব এলাকার মত মুর্শিদাবাদ জেলাতেও রেশনে কেরোসিন তেল দু’রকম দামে বিক্রী করার নির্দেশ এসেছে। এই নির্দেশমত খ, গ, ঘ এবং ঙ শ্রেণীভুক্ত সমস্ত রেশন কার্ডধারীদের ক্ষেত্রে নাকি প্রতি লিটার কেরোসিন তেলের দাম পড়বে ৩ টাকা ১০ পয়সা। কেবলমাত্র ‘ক’ শ্রেণীভুক্তদের জন্য এই দাম দাঁড়াবে প্রতি লিটার ২ টাকা ৩৫ পয়সায়। কেন্দ্রীয় সরকার পেট্রলজাত সামগ্রীর মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত ঘোষণা করায় কেরোসিনের দাম বাড়ার কারণ।

## পুলিশী ব্যর্থতায় সঙ্গীতানুষ্ঠানে বিশৃংখলা

নিজস্ব সংবাদদাতা : ডজন কয়েক পুলিশ ও স্বেচ্ছাসেবকের উপস্থিতিতেও শনিবার জঙ্গিপুর পি ডবলু ডি মাঠে অনুষ্ঠিত
সঙ্গীতানুষ্ঠানে চূড়ান্ত বিশৃংখলায় বেশ কয়েকজন দর্শক আহত হন। দর্শকদের হাতঘড়িসহ কিছু সামগ্রীও খোওয়া
যায়। অনুষ্ঠান শুরুর কথা ছিল সন্ধ্যে ৭টায়। কিন্তু উদ্যোক্তাদের মর্জিতে তা প্রায় দেড় ঘন্টা পরে শুরু হয়।
মাইক্রোফোনেও গোলযোগ দেখা যায়। অশান্তির শুরু এর ফলেই। পুলিশও প্রথম অবস্থায় তা নিয়ন্ত্রণে আনতে
পারেননি। আতংকিত হয়ে ওঠেন মহিলা দর্শকেরা। পরে অবশ্য অনুষ্ঠান শুরু হলে অবস্থা আয়ত্তে আসে। এদিকে
আগামী মার্চ মাসে রঘুনাথগঞ্জ শহরে পুনরায় একটি সঙ্গীতানুষ্ঠানের আয়োজন হয়েছে বলে খবর মিলেছে। পুলিশ এই
অনুষ্ঠান নিয়ে উদ্বিগ্ন। চিন্তিত মহকুমা শাসকও। মহকুমা শাসক জঙ্গিপুরের সঙ্গীতানুষ্ঠানে যে বিশৃংখলা হয়েছে সে
সম্পর্কে ওয়াকিবহাল রয়েছেন। পুলিশ বিশৃংখলা রুখতে ঐ অনুষ্ঠান যাতে নির্দিষ্ট সময়ে নিশ্চিতভাবে শুরু করা হয়
উদ্যোক্তাদের কাছে সে সম্পর্কে গ্যারান্টি চাইবে। শহরবাসীরা পুলিশকে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নিতে অনুরোধ
জানিয়েছেন।

## ‘ইংরেজী ওঠানো উচিত নয়’

বিশেষ সংবাদদাতা : ‘ইংরেজী ওঠানো উচিত নয়। আর ওঠাতে গেলে সমস্ত স্তর থেকেই তা তুলে দেওয়া উচিত’—এ মন্তব্য বারা প্রাথমিক বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র অসিত চক্রবর্তীর। অসিত ঐ স্কুল থেকে বৃত্তি পেয়েছিল মঙ্গলবার সন্ধ্যায়।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১০ই ফাল্গুন বুধবার, ১৩৮৯ সাল

## ॥ অগ্নিকাণ্ডে ॥

গত ২১ ফেব্রুয়ারী পলাশিতে কলিকাতা-রায়গঞ্জ প্রাইভেট বাসে যে মর্মান্তিক অগ্নিকাণ্ড হইয়া গেল, দীর্ঘ দিন এমন বিপর্যয়ের কথা শুনা যায় নাই। চৌত্রিশজন যাত্রী অগ্নিদগ্ধ হইয়া যে-ভাবে মৃত্যু বরণ করিতে বাধ্য হইয়াছেন, তাহা প্রত্যেককেই শোকাভিভূত করিবে সন্দেহ নাই। আমরা মৃতদের শোকার্ত পরিজনবর্গকে সান্ত্বনা দানের ভাষা খুঁজিয়া পাইতেছি না।

উল্লেখিত বেসরকারী বাসটি যাহার নম্বর জি পি আর ৫১৩১, কলিকাতা হইতে রায়গঞ্জ অভিমুখে আসিতেছিল। রাত্রিকাল। যাত্রীদের অনেকেই নিদ্রিত বা তন্দ্রাচ্ছন্ন। ঝড় বৃষ্টির জন্য জানালা দরজা বন্ধ। ভিতরের আলো নিভান। চলন্ত বাস, তন্দ্রাচ্ছন্ন যাত্রীরা; হঠাৎ সারা বাসের ভিতর আগুন জ্বলিয়া উঠিল। এই জ্বলিয়া উঠা একাংশে নয়, মুহূর্তেরও কম সময় সম্পূর্ণই অগ্নিময়। যাত্রীদের ছুটাপুটি, অথচ বাহির হইবার উপায় নাই। দরজা জানালা প্রভৃতি লক্ করা। অগ্নির করাল গ্রাসে হতভাগ্যদের আর্তচীৎকার কোন কাজে লাগিল না। বাহির হইতেও দরজা খুলিবার উপায় নাই। ফলে যাহা হইবার তাহাই হইয়াছে। সকলকে জীবন্ত দগ্ধীভূত হইতে হইল। ৩৪ জন যাত্রীর মৃত্যু ঘটিল। বাসের চালক এবং আর কয়েকজন রক্ষা পাইয়াছেন বটে, বাকী সকলেই অগ্নিদগ্ধ হইয়া মৃত্যুবরণ করিয়াছেন। এই মৃত্যু এমনই শোকাবহ যে, ভাষায় প্রকাশ করা যায় না। কেহই মরণের সহিত লড়াই করিতে পারেন নাই। খাঁচা বদ্ধ হইয়া অগ্নির ইন্ধন হইলেন।

সংবাদে জানা যায়, বাসের মালিককে ধরা হইয়াছে। বিভিন্ন পর্যায়ে নানা তদন্ত হইবে। বাসের ভিতর রক্ষিত রান্নার গ্যাস-সিলিণ্ডার হইতে নির্গত দাহ্য গ্যাসই এই সর্বনাশা কাণ্ড করিয়াছে, সে সম্পর্কেও নানা তদন্তাদি হইবে। ঐ বেসরকারী বাসটি পারমিটবিহীন হইয়া চলিবার বিভিন্ন কৈফিয়ৎ করা হইবে। টিকিট কেন ইস্যু করা হইল—এই সম্বন্ধে বাদ-বিতণ্ডা ইত্যাদিও চলিবে। বাসের মালিকেরই নাকি উক্ত গ্যাস-সিলিণ্ডার। তাঁহাকেও বিভিন্ন বিষয়ে জবাবদিহি করিতে হইবে, জরিমানা, ক্ষতিপূরণ ইত্যাদি গণিতে হইবে। কিন্তু দগ্ধীভূত ৩৪টি প্রাণ চিরকালের জন্য অতি অপ্রত্যাশিতভাবেই বিদায় লইলেন, আর ফিরিবেন না। তাঁহাদের পরিবারসমূহের শূন্যতা পূরণ কোনভাবেই হইবে না।

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### মুর্শিদাবাদে টিভি

কিছুদিন পূর্বে জঙ্গিপুর সংবাদ পত্রিকায় 'মুর্শিদাবাদে টিভি, বিশ বাঁও জলে' সংবাদটি পড়ে হতবাক হলাম। এ আমরা কোন রাজত্বে বাস করছি। মুর্শিদাবাদ কি চিরকালই এমনটি অবহেলিত থাকবে? এখানে না আছে ষ্টেডিয়াম, না আছে সুইমিং পুল। টিভি'র ক্ষীণ আশাটিও নিভলো। আশ্চর্যের বিষয় কোন রাজনৈতিক স্তর থেকে এর বিরুদ্ধে কোন প্রতিবাদ উঠলো না। এক আমলার কলমের খোঁচায় না জানি আর কতদিন আমাদেরকে এইভাবে বঞ্চনা সহ্য করতে হবে।

শচীনন্দন সাহা ও কয়েকজন
বালিয়া, মুর্শিদাবাদ

### স্কুলে উদোম ঘর

রঘুনাথগঞ্জ সার্কেলের কানুপুর অঞ্চলের ঘোড়শালা গ্রামে একটি প্রাথমিক স্কুল রয়েছে। আগে স্কুলটি কাঁচা ছিল। '৮১ সালে ১৮ হাজার টাকা খরচ করে ৪০ ফুট ঘর তৈরী করা হয়েছে। ৬টি দরজা ও জানালা রয়েছে ঘরে। কিন্তু আশ্চর্যের বিষয় একটিরও পাল্লা লাগানো নেই। অবিলম্বে এগুলি না লাগানো হলে স্কুলঘর নোংরা হচ্ছে। এ ব্যাপারে পঞ্চায়েত সমিতির দৃষ্টি আকর্ষণ করছি।

সোমনাথ মিশ্র
ঘোড়শালা

## ॥ ভিন্ন চোখে ॥

রিক্ত শীতের অবসানের পর ঋতুরাজ বসন্তের আবির্ভাব। শীতের প্রকোপে প্রকৃতি হয়ে পড়ে ম্লান, শ্রীহীন। শীতের শেষে বসন্ত ঋতুর মধুময় আবির্ভাব।

জীর্ণ জরা ঝরিয়ে দিয়ে নবযৌবনের বার্তা বহন করে মধুঋতু বসন্ত নবীন শ্যামল পত্র-পল্লব-পুষ্পে আপন বিজয়-কেতন উড়িয়ে দিয়েছে। প্রকৃতির বুকে এক কোমল, সরস ও সুন্দরশ্রী ফুটে উঠেছে। গাছে-গাছে ডালে-ডালে নবীন সবুজ পত্রালিকার সমারোহ। আম্রমুকুলের সৌরভ। ভ্রমরের গুঞ্জনে বায়ু মুখর। কোকিলের কুহু তানের ঝঙ্কার। কবি হৃদয় তাই বলে—'প্রাঙ্গণে মোর শিরীশ শাখায়

ফাগুন আসে কি আশ্বাসে

ক্লান্তিবিহীন ফুল ফোটানোর খেলায়'। বসন্ত এসেছে। মানুষের মনে বিশেষ করে প্রেমিক-প্রেমিকার মনে নূতন স্বপ্ন, নূতন আশা।

অশোক পলাশে রঙ্গনে শ্রীময়ী প্রকৃতি। যুবক-যুবতী তরুণ-তরুণী বসন্ত বন্দনায় উচ্ছল। শ্রীপঞ্চমীর উৎসবের মধ্য দিয়ে যেন সেই বসন্ত বন্দনা শুরু হয়েছে।

ফাল্গুন মাস এবার মলমাস হলেও অরক্ষণীয়া কন্যার শুভ বিবাহে বাধা নেই। তাই বনে বনে লেগেছে ফাগুন। ফাগুন লেগেছে মনে মনেও। প্রেমিক প্রেমিকাদের মনে চোখে নূতন ঘর বাঁধার স্বপ্ন। মনে মনে লাগে হোরী। বসন্তে দক্ষিণ দুয়ার খোলা। মানুষের হৃদয় দুয়ারও আজ গেছে খুলে।

মণি সেন

### সরস্বতীপুজো নির্বিঘ্ন

নিজস্ব সংবাদদাতা : উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে জঙ্গিপুর মহকুমায় এবারে সরস্বতী পুজো সম্পন্ন হয়েছে। পরিকল্পনা ও মণ্ডপ সজ্জায় সবচেয়ে আকর্ষণীয় ছিল গঙ্গা ভাঙ্গন প্রতিরোধ বিভাগের পুজোটি। মনোজ সাহা ও শ্যামল গুন আদর্শ পাঠশালা গড়ে কিছুটা অভিনবত্ব আনার চেষ্টা করেন। বিবেকানন্দ ক্লাব এই উপলক্ষে একটি বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করেন। রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ের মেয়েদের হাতে তৈরী সামগ্রীর প্রদর্শনীটিও প্রশংসিত হয়। ষ্টেট ব্যাঙ্ক, বন্ধু সমিতির সরস্বতীর মণ্ডপ সজ্জা ও আলোর বিন্যাস মন্দ ছিল না। এই পুজো উপলক্ষে মহকুমার কোথাও কোন অশান্তি ঘটেনি বলে পুলিশ জানিয়েছে।

### বহরমপুরে বইমেলা

বহরমপুর : ১৪ থেকে ২০ মার্চ বহরমপুর রিফর্মেটরি স্কুল প্রাঙ্গণে মুর্শিদাবাদ জেলা বইমেলা অনুষ্ঠিত হচ্ছে। সাতদিন ধরে এই বইমেলা চলবে। আশা করা হচ্ছে, গত বইমেলার তুলনায় অনেক বেশী সংখ্যক প্রকাশক ও পুস্তক বিক্রেতা সংস্থা এতে অংশ নেবেন। অনুষ্ঠান প্রাঙ্গণে প্রতিদিনই সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে। এই উপলক্ষে একটি প্রদর্শনীরও আয়োজন করা হচ্ছে। এই প্রদর্শনীতে অতীতে ও বর্তমানে এ জেলা থেকে প্রকাশিত বিভিন্ন পত্র-পত্রিকা, এ জেলার লেখক-লেখিকা বা প্রকাশনা সংস্থার উল্লেখযোগ্য গ্রন্থ এবং এ জেলার ওপরে প্রকাশিত বিভিন্ন গ্রন্থ স্থান পাবে।

### রঘুনাথগঞ্জে শ্রম ট্রাইবুনাল

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর পুরসভা ও ১২ জন স্থানীয় ব্যক্তির মধ্যে শ্রম বিরোধ মামলায় গত সপ্তাহে রাজ্যের ৮ম শ্রম ট্রাইবুনাল বসে রঘুনাথগঞ্জের ডাকবাংলোয়। আর এন মুখারজি এই ট্রাইবুনালের বিচারক। পুরসভার ২টি ফেরীঘাটে ৭৬ থেকে ৭৯ সাল পর্য্যন্ত কর্মরত ছিলেন এই বলে সংশ্লিষ্ট ১২ ব্যক্তি স্থায়ী চাকরী ও ছাঁটাই থেকে এ পর্যন্ত মাইনের দাবীতে এই মামলা এনেছেন। শ্রমিকদের আর্থিক অবস্থার কথা বিবেচনা করে বিচারপতির নির্দেশে রঘুনাথগঞ্জে এই অস্থায়ী ট্রাইবুনাল বসে। উভয় তরফে শুনানীর পর বিচারপতি কলিকাতা ফিরে যান। কি নাগাদ এই বিরোধের নিষ্পত্তি হবে তা জানা যায়নি।

### আর এস পির সভা

নিজস্ব সংবাদদাতা : পঞ্চায়েত নির্বাচন ও রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য রবিবার বাঘা গ্রামে আর এস পি দলের একটি ঘরোয়া সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রী দেবব্রত ব্যানার্জী ছিলেন এই সভার প্রধান বক্তা। বিভিন্ন পঞ্চায়েতের প্রধান ও সদস্যরা ছাড়াও স্থানীয় শতাধিক কর্মী সভায় উপস্থিত ছিলেন।

### কলেজ নির্বাচনে ছাত্র পরিষদ (ই) জয়ী

বহরমপুর : মুরশিদাবাদ জেলা ছাত্র পরিষদ (ই) সভাপতি সুকুমার অধিকারী জানান যে গত ১৬ ফেব্রুয়ারী মুরশিদাবাদ আদর্শ মহাবিদ্যালয় ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। কলেজ স্থাপন হওয়ার পর এবারই ছাত্র সংসদের প্রথম নির্বাচন। নির্বাচনে ছাত্র পরিষদ (ই) নিরঙ্কুশ সংখ্যা গরিষ্ঠতা লাভ করে। ছাত্র পরিষদ (ই এর জি এস প্রার্থী ওবাইদুল হক ও এ জি এস আজাবুল হক বিপুল ভোটে জয়ী হয়। এবং মোট ৬ জন শ্রেণী প্রতিনিধির মধ্যে ছাত্র পরিষদ (ই) মনোনীত ৬ জনই নির্বাচিত হয়। বাম ছাত্র সংগঠনগুলি নির্বাচনে শোচনীয় পরাজয় বরণ করে।

## সাহিত্য সংকলন 'উশিক'

জঙ্গিপুর সংবাদ সাহিত্য গোষ্ঠী প্রস্তাবিত মাসিক সাহিত্য সংকলন 'উশিক' ১ বৈশাখ আত্মপ্রকাশ করছে। সম্পূর্ণ ভিন্ন স্বাদের এই সংকলনটি প্রকাশের উদ্দেশ্য জঙ্গিপুরে একটি রুচিশীল সাহিত্য মঞ্চ গড়ে তোলা। এ ব্যাপারে মহকুমার সমস্ত স্তরের সাহিত্য ও সংস্কৃতিপ্রেমী মানুষের সহযোগিতা প্রয়োজন। রঘুনাথগঞ্জ থেকে এ ধরনের দুঃসাহসিক প্রচেষ্টাকে সফলকাম করার জন্য সকলকে আহ্বান জানাচ্ছি।

প্রকাশক,
জঙ্গিপুর সংবাদ সাহিত্য গোষ্ঠী

## রক্ত দান

নিজস্ব সংবাদদাতা : যুব ফেডারেশনের ৩০ জন সদস্য আজ রঘুনাথগঞ্জে খরা-ত্রাণ তহবিলে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে রক্তদান করেছেন।


### বসত বাড়ীর জন্য জমি বিক্রয়

ম্যাকেঞ্জী পার্কের পূর্বদিকে পিচ রাস্তার পার্শ্বেই বাসোপযোগী সাড়ে সাত কাঠা জমি বিক্রয় হইবে। ইচ্ছুক ব্যক্তিদের নিম্ন ঠিকানায় যোগাযোগ করিতে অনুরোধ জানাইতেছি।

সেনগুপ্ত ব্রাদার্স
( পূর্বতন বাটার দোকান )
রঘুনাথগঞ্জ


## হারিয়ে গিয়েছে

রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের মাধ্যমিক পরীক্ষার্থী স্বপনকুমার দাসের এ্যাডমিট কার্ড হারিয়ে গিয়েছে। কেউ পেয়ে থাকলে অনুগ্রহ করে প্রধান শিক্ষকের কাছে অথবা পণ্ডিত প্রেসে জমা দেবেন।


সবার প্রিয় চা—
### চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

পানে ও আপ্যায়নে
### চা ঘরের চা
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২

### ধুলিয়ান ষ্টোন প্রডাক্টস
ষ্টোন মার্চেন্ট এণ্ড গভঃ কনট্রাক্টর
পাকুড়ে নিজস্ব কোয়ারী
ধুলিয়ান পাকুড় রোডে ৩৪নং জাতীয় সড়কের নিকটস্থ ক্র্যাসার ইউনিট
ভারতের বিভিন্ন প্রান্তে সুলভে
ষ্টোন চীপস্, বোল্ডার, ষ্টোন সেট,
পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ
ফোন : অফিস ৫২, ফ্যাক্টরী ১১৭
ষ্টোন ম্যাটারস্ প্রভৃতির সরবরাহকারী প্রতিষ্ঠান।
এস এস আই রেজি নং ২১/১৩১ ১৫৮
তাং ২৪-৩-৭০





## শ্রম এব জয়তে

নবম এশিয়ান গেমস্-এর বিপুল সাফল্যের পেছনে রয়েছে নেতৃত্ব, শৃংখলা এবং কঠোর পরিশ্রম—যা সুবৃহৎ প্রকল্পগুলির দ্রুত রূপায়ণ এবং ভারতের সাংগঠনিক ক্ষমতার উজ্জ্বল দৃষ্টান্ত এবং যা ভারতকে বিশ্বজোড়া খ্যাতি এনে দিয়েছে।

স্টেডিয়ামগুলি রেকর্ড সময়ে তৈরী করা হয়েছে। সারা দেশে এবং বিদেশে লক্ষ লক্ষ মানুষ রঙীন টেলিভিশনে সরাসরি খেলা দেখেছেন। এই বিশাল কর্মযজ্ঞে কমপিউটার, ইলেক্ট্রনিক এক্সচেঞ্জ, মাইক্রোওয়েভ এবং উপগ্রহ সংযোগকে সুষ্ঠু ও দক্ষ ভাবে কাজে লাগানো হয়েছে।

## দীপশিখা অনির্বাণ রাখুন



এশিয়াডে যে মনোভাব নিয়ে আমরা কাজ করেছি আসুন জাতীয় প্রয়াসের বৃহত্তর ক্ষেত্রেও আমরা তা ছড়িয়ে দিই।

আমাদের অর্থনীতিতে গতি সঞ্চারিত হয়েছে। দেশের লক্ষ লক্ষ মানুষের কষ্ট লাঘবের জন্য এই গতি অব্যাহত রাখা আমাদের কর্তব্য। আমাদের প্রত্যেককেই এজন্য সচেষ্ট হতে হবে।

**শক্তিশালী দেশ গঠনে**
**আসুন আমরা সকলে মিলেমিশে কাজ করি**

## জীবনাবসান

( ১ম পৃষ্ঠার পর )

মুরশিদাবাদ জেলা কংগ্রেসের সভাপতিও ছিলেন। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন রাজ্যের সমাজকল্যাণ মন্ত্রী দেবব্রত ব্যানারজি। রবিবার বিকেলে জঙ্গিপুরে একটি পূর্ব নির্ধারিত সভায় যোগ দিতে এসে মন্ত্রী তাঁর মৃত্যু সংবাদ পান। এবং সঙ্গে সঙ্গে শ্রীঘোষালের বাড়িতে ছুটে যান।

**বিমান হাজরার সংযোজন ঃ** প্রাক্ স্বাধীনতাকালে মুরশিদাবাদে যে ক'জন সংগ্রামীর নাম এক যোগে উচ্চারিত হয় বিজয়কুমার ঘোষাল ছিলেন তাঁদেরই একজন। আজীবন কংগ্রেসকে ভালবেসেছেন মনে ও প্রাণে। জেলে গেছেন বহুবার। স্বগৃহে অন্তরীণ হতে হয়েছে বার কয়েক তবু গান্ধীবাদী নীতির ধারক ও বাহক হিসেবে কাজ করে গেছেন অকপটে। ব্যক্তিগতভাবে জানতাম মানুষটিকে। দীর্ঘদিন থেকে প্রায় শয্যাশায়ী থাকলেও নিয়মিত খবর রাখতেন দেশের। মুরশিদাবাদ জেলার স্বাধীনতা সংগ্রামের প্রকৃত ইতিহাস না লেখায় তাঁর আক্ষেপের শেষ ছিল না। শেষ জীবনে তাই তিনিই কলম ধরেছিলেন ইতিহাস রচনায়। পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল ঘোষের সঙ্গে অন্তরঙ্গতা ছিল গভীর। হয়ত সেই টানেই প্রায় বন্ধুর হাত ধরে পারলৌকিক জগতে পাড়ি দিলেন তিনি। এই লোকান্তর সহসা একটি যুগের অবসান ঘটিয়ে গেল বৈকি। জীবনের প্রতিটি ক্ষণ যিনি অতিবাহিত করেছেন দেশের জন্য, শেষ জীবনে তাঁকে সহ্য করতে হয়েছে অশেষ নির্যাতন। এক বিশেষ রাজনীতির শেষ দৃষ্টি তাঁকে অহরহ অতীষ্ঠ করে তুলেছিল। তবু নীরবে সহ্য করেছেন সব কিছুকেই। দীর্ঘ জীবনে বহু মর্মান্তিক ঘটনার প্রত্যক্ষদর্শী ছিলেন তিনি। ছেলের নির্মম হত্যার যন্ত্রণা বুকে বিঁধত অহরহ। এ নিয়ে তাঁর খেদের অন্ত ছিল না। এই খেদ অন্তরে নিয়েই তিনি গেলেন অসীম লোকে।

## বিজ্ঞানের প্রসার

( ১ম পৃষ্ঠার পর )

যুব-মানসিকতার পরিবর্তনে বিজ্ঞানকে তাই কাজে লাগাতে হবে। মন্ত্রী জানান, যুবকল্যাণ বিভাগ থেকে এ ধরনের কর্মসূচী রূপায়ণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। তবু সরকারের উপর নির্ভরশীল না হয়ে বেসরকারী উদ্যোগে বিজ্ঞান মেলার আয়োজন করার উপর দেবব্রতবাবু জোর দেন। ৩ দিনের এই বিজ্ঞানমেলা শুরু হয় শুক্রবার। উদ্বোধন করেন জঙ্গিপুরের মহকুমা শাসক পি এস কাথিরেসন। উদয়ন সংঘ ক্লাব এই মেলার আয়োজন করলেও ব্লকের বিডিও নিখিলরঞ্জন মণ্ডলই এর মূল উদ্যোক্তা। শ্রীমণ্ডল এ জাতীয় বিজ্ঞান মেলা গ্রামাঞ্চলে আরও বেশী সংখ্যায় আয়োজন করার জন্য গ্রামাঞ্চলের সংগঠনগুলিকে আহ্বান জানান। এই বিজ্ঞান মেলায় থার্মাল পাওয়ার ষ্টীম ইঞ্জিন প্রভৃতি বিষয়ের উপর তৈরী মডেল প্রদর্শিত হয়।

## ইংরেজী ওঠানো উচিত নয়

( ১ম পৃষ্ঠার পর )

বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদ্ঘাটন অনুষ্ঠানে সর্বকনিষ্ঠ বক্তা হিসেবে বহু সরকারী অফিসার ও শিক্ষকের উপস্থিতিতে অসিত তার বক্তব্য রাখে। ঐ অনুষ্ঠানে পৌরোহিত্য করেন রঘুনাথগঞ্জ চক্রের বিদ্যালয় পরিদর্শক সৌমেন মৈত্র। উদ্বোধনানুষ্ঠানে

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

**কলকাতার মনহরণকারী এম, এ, পাস করার প্রচার পত্রে বিভ্রান্ত না হয়ে আসল প্রশ্ন পত্রের জন্য এখানে আসুন**

siting Hours : **Mr. N. K. PAHARI** M. A. (Doub Vile
Every Day-4 p. m. to 9. p. m. ( Sree Panchami )
Sunday-11 a. m. to 5. p. m. 89, B. B. Ganguly Street
Phone : 35-5143 Calcutta 700012
( Opp.—Goenka College & by the side of Gour Dey Lane )

**শ্রীপঞ্চমীকৃত**

* বাংলা ভাষায় ১৯৮১ সালের এম-এ, ইসলামিক ইতিহাসে প্রতি পেপারে ৮টি করে উত্তর পত্র নিয়ে ৪ মাস পড়ে পাস করুন।
* বাংলা এম-এ এবং ইংরাজী এম-এ তে নির্ভরযোগ্য প্রশ্ন উত্তর এবং কোচের জন্য যোগাযোগ করুন।

বিঃ দ্রঃ এম-এ, বাংলা, ইংরাজী, ইসলামিক ইতিহাসে প্রতি রবিবারে কোচিং চলিতেছে।

## বিজ্ঞপ্তি

সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, শ্রীপ্রবোধকুমার সিংহরায় পিতা মৃত প্রিয়নাথ সিংহরায় সাং বরাহার, পোঃ মহিপুর, জেলা পশ্চিম দিনাজপুর মহাশয়কে গত ইং ১-৪-৬৮ তারিখে যে আমমোক্তার নামা দিয়াছিলাম, উক্ত আমমোক্তার নামা গত ইং ১৪-২-৮৩ তারিখে রেজেষ্ট্রী দলিল মূলে রহিত করিয়াছি।
এমতাবস্থায় কেহ উক্ত প্রবোধকুমার সিংহরায়ের নিকট আমার আমমোক্তার পত্র বলে কোন সম্পত্তি খরিদাদি করিলে তাহা নিজ দায়িত্বে করিবেন। আমি তজ্জন্য দায়ী হইব না।

ভবদীয়া—
অণিমা সিংহরায়
জঙ্গিপুর, মুর্শিদাবাদ




ফোন ঃ ১১৫
সকলের প্রিয় এবং বাজারের সেরা
**ভারত বেকারীর প্রাইজ ব্রেড**
মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

**বসন্ত মালতী**

**রূপ প্রসাধনে অপরিহার্য**

**সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড**

কলিকাতা ॥ নিউ দিল্লী

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অচ্যুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।